খুলনা নৌ অঞ্চলের কর্মকান্ডের তথ্য (জুন -আগষ্ট ২০১৬)

ক। **প্রাক্তন নৌসদস্যদের লাশ দাফন।** গত ০৫ ও ২৪ জুলাই ২০১৬ তারিখ যথাক্রমে লেঃ কমান্ডার খালেদা বিনতে হোসেন (এএফএনএস) ও উত্তম কুমার, এলএমএ (অবঃ প্রাপ্ত) হৃদরোগে আক্রান্ত হয়ে বানৌজা উপশমে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। পরবর্তীতে উক্ত নৌ সদস্যদের সম্মানে শেষ শ্রদ্ধা প্রদর্শনের জন্য উল্লেখিত দিবসদ্বয়ে অত্র ঘাঁটির ব্যবস্থাপনায় ০৯ সদস্যের ০২ টি দল তাদের নিজ বাসস্থান যথাক্রমে গোয়ালখালী (খুলনা) কবরস্থান ও রুপসা (খুলনা) শশ্মানঘাটে দাফন/শেষকৃত্যের সময় উপস্থিত ছিলেন।

খ। **পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপন।** গত ০৭ জুলাই ২০১৬ তারিখ যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মুসলিম উম্মার সর্ববৃহৎ ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হয়। এ উপলক্ষে ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ড এবং নাবিক কলোনী মসজিদে ঈদের নামাজের জামাত অনুষ্ঠিত হয়। নামাজ শেষে কমডোর কমান্ডিং খুলনা শিপস্ কোম্পানী ডাইনিং হলে শিপস্ কোম্পানী এবং নবীন নাবিক ডাইনিং হলে নবীন নাবিক বি/২০১৬ ব্যাচের নাবিকদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় ও মিষ্টান্ন গ্রহন করেন। অতঃপর তিনি বানৌজা উপশমে ভর্তিকৃত নাবিক এবং সন্ধ্যায় কমখুল হাউজে সকল অফিসার ও তদ্বীয় পরিবারবর্গের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। উক্ত দিন দুপুরে স্ব স্ব মেসে ভিতরে বসবাসকারী নাবিকদের জন্য প্রীতিভোজ ও বানৌজা উপশম ও সিএমএইচ যশোরে ভর্তিকৃত নাবিকদের উন্নত খাবার পরিবেশন করা হয়। একই দিনে কালার্স হতে সূর্যাস্ত পর্যন্ত ড্রেস ওভারল এবং মেইন গেইট ও মেইন মাষ্টে সীমিত আকারে আলোকসজ্জা করা হয়।

গ। **অধিনায়ক কর্তৃক নবীন নাবিকদের উদ্দেশে ভাষণ প্রদান।** গত ১১ জুলাই ২০১৬ তারিখ ০৮০৫ ঘটিকায় অধিনায়ক নবীন নাবিক বিদ্যালয়ের মিনি প্যারেড গ্রাউন্ডে নবীন নাবিক বি/২০১৬ ব্যাচের নাবিকদের উদ্দেশ্যে ভাষন প্রদান করেন। তিনি অধিনায়ক হিসেবে নবীন নাবিকদের অত্র ঘাঁটিতে স্বাগত জানিয়ে শৃংখলা, নিয়মানুবর্তিতা, দায়িত্ববোধসহ বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন। সবশেষে তিনি ধর্মীয় মূল্যবোধ এবং সঠিক ধর্মীয় অনুশাসন মেনে চলার উপর বিশেষভাবে উপদেশ প্রদান করেন।

ঘ। **সহকারী নৌ প্রধান (ম্যাটেরিয়াল) এর খুলনা নৌ অঞ্চল সফর।** গত ১৬ জুলাই ২০১৬ তারিখ সহকারী নৌবাহিনী প্রধান (ম্যাটেরিয়াল) রিয়ার এডমিরাল এস এ এম আরশাদুল আবেদীন, ওএসপি, বিএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি খুলনা নৌ অঞ্চল সফরের নিমিত্ত অত্র ঘাঁটিতে আগমণ করেন। সফরের দ্বিতীয় দিনে তিনি বানৌজা মংলাস্থ ওয়ার্কশপ ও প্রস্তাবিত স্লিপওয়ে সাইট, খুলনা শীপইয়ার্ডে (খুশিলি) চলমান কার্য ও বানৌজা তিতুমীরস্থ বেস ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এবং ইলেকট্রিক্যাল ওয়ার্কশপ পরিদর্শন করেন। সফর শেষে ১৭ জুলাই ২০১৬ তারিখ ১৬১৫ ঘটিকায় ঢাকার উদ্দেশ্যে অত্র ঘাটি ত্যাগ করেন।

ঙ। **এএফডব্লিউসি প্রশিক্ষণার্থী দলের খুলনা নৌ অঞ্চল সফর।** গত ১৯ জুলাই ২০১৬ এএফডব্লিউসি প্রশিক্ষণার্থী দলের ৪৬ সদস্যের প্রশিক্ষণার্থী দল (ফ্যাকাল্টি অফিসার-০৭, প্রশিক্ষণার্থী অফিসার-৩৫ ও স্টাফ-০৪) খুলনা নৌ অঞ্চল পরিদর্শনের উদ্দেশ্যে অত্র ঘাঁটিতে আগমণ করেন। কর্মসুচী মোতাবেক দলের প্রধান কমডোর কমান্ডিং খুলনার সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হওয়ার পর প্রশিক্ষণ দলটি এরিয়া কনফারেন্স রুমে খুলনা নৌ অঞ্চলের কর্মকান্ডের উপর ব্রিফিং অবগত হয়ে বানৌজা পদ্মা, বানৌজা সুরমা ও কেএসওয়াই খুলনা পরিদর্শন করে। অতঃপর উক্ত প্রশিক্ষন দল ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে কমখুল কর্তৃক আয়োজিত নৈশভোজ শেষে ঘাঁটিস্থ ওয়ার্ডরুম ও সোলাম কমপ্লেক্সে রাত্রিযাপন করেন। কর্মসূচী শেষে দলটি ২০ জুলাই ২০১৬ তারিখ ০৮৩০ ঘটিকায় হিরণ পয়েন্ট পরিদর্শনের উদ্দেশ্যে অত্র ঘাঁটি ত্যাগ করেন।

চ। **অধিনায়ক কর্তৃক Anti-Infiltration এর উপর বক্তৃতা ও প্রশিক্ষণ প্রদান।** গত ২০ জুলাই ২০১৬ তারিখ ১১০০ ঘটিকায় ঘাঁটিস্থ ড্রিলশেডে বানৌজা তিতুমীরে কর্মরত সকল নৌসদস্যদের উদ্দেশ্যে অধিনায়ক Anti-Infiltration এর উপর বক্তৃতা, আলোচনা ও প্রশিক্ষণ প্রদান করেন। উক্ত প্রশিক্ষনে বিশ্ব-পরিস্থিতির উপর আলোকপাত করে অধিনায়ক অত্র ঘাঁটির নিরাপত্তার প্রতিটি ধাপ সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান প্রদান করেন ও নিরাপত্তা প্রহরীসহ সকলকে আরো বেশী সক্রিয়ভাবে দায়িত্ব পালনের উপর গুরুত্ব প্রদান করেন। এছাড়া তিনি সামরিক ও বেসামরিক সকল ব্যক্তিবর্গের আগমণ-বহির্গমনের সময় নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব সহকারে বিবেচনা করে সতর্কতার সাথে দায়িত্ব পালন করার জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

ছ। **জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৬।** গত ২৪ জুলাই ২০১৬ ঘাঁটিস্থ চরের হাট পুকুরে মাননীয় কমডোর কমান্ডিং খুলনা কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মৎস্য অবমুক্ত করার মধ্যদিয়ে খুলনা নৌ অঞ্চলে ‘‘জাতীয় মৎস্য সপ্তাহ -২০১৬’’ এর শুভ উদ্বোধন করেন।

জ। **সহকারী নৌ প্রধান (লজিস্টিক) এর খুলনা নৌ অঞ্চল সফর।** গত ২৫ জুলাই ২০১৬ সহকারী নৌ প্রধান (লজিস্টিকস) রিয়ার এডমিরাল এম ছাইফুল কবীর, এনবিপি, ওএসপি,এনডিইউ, পিএসসি খুলনা নৌ অঞ্চল সফরের নিমিত্ত অত্র ঘাঁটিতে আগমন করেন। উক্ত সফরে তিনি নির্ধারিত কর্মসূচী মোতাবেক বানৌজা তিতুমীর, মংলা ও সোলাম এর শীপস কোম্পানী ডাইনিং হল এবং অন্যান্য আনুসঙ্গিক সুবিধাসমূহের সংস্কার ও পরিবর্ধন সংক্রান্ত কাজসমূহ পরিদর্শন করেন। এছাড়া তিনি ঘাঁটিস্থ বারবার শপের সংস্কার কাজ ও শীপস কোম্পানী ডাইনিং হলে পরীক্ষামূলকভাবে তৈরীকৃত ‘‘ফুড কাউন্টার’’ পরিদর্শন করেন। সফর শেষে তিনি ২৭ জুলাই ২০১৬ তারিখ ০৭১৫ ঘটিকায় ঢাকার উদ্দেশ্যে খুলনা নৌ অঞ্চল ত্যাগ করেন।

ঝ। **জাতীয় বৃক্ষ রোপন অভিযান-২০১৬।** গত ৩১ জুলাই ২০১৬ ঘাঁটিস্থ রিভারভিউ সাইটে মাননীয় কমডোর কমান্ডিং খুলনা কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খুলনা নৌ অঞ্চলে ‘‘জাতীয় বৃক্ষ রোপন অভিযান-২০১৬’’ এর শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে এবারের শ্লোগান ‘‘জীবিকার জন্য গাছ, জীবনের জন্য গাছ’’ বাস্তবায়নের জন্য উপস্থিত সকল অফিসার ও নাবিকদের পরামর্শ প্রদান করেন।

ঞ। **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক কমিটি কর্তৃক আলোচনা।** গত ০৩ আগষ্ট ২০১৬ তারিখে ১১০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক কমিটির আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে আঞ্চলিক নৈতিকতা কমিটির সভাপতি, অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন এস এম সালাহউদ্দিন, (ট্যাজ), পিএসসি, বিএন খুলনা নৌ অঞ্চলের সকল - বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দশ্যে নৈতিকতা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে দিক নির্দশনামূলক বক্তব্য প্রদান করেন। উক্ত আলোচনা অনুষ্ঠানে সভাপতি নৌবাহিনীর বিভিন্ন কার্যকলাপ সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে বেসামরিক সদস্যদের অনস্বীকার্য ভূমিকার কথা আলোচনা করে সকলকে চাকুরীর ক্ষেত্রে সময়ানুবর্তিতা ও শৃংখলা বজায় রাখা, চাকুরীতে জবাবদিহিতা নিশ্চিত করা ও স্বচ্ছতার সাথে কার্যসম্পাদন করতে নির্দশনা প্রদান করেন। এছাড়া বেসামরিক ব্যক্তিবর্গের পারিবারিক শান্তি, শৃংখলা ও সৌহার্দ্যতা বজায় রাখা, সন্তান ও পরিবারের অন্যান্য সদস্যদের নৈতিকতা বৃদ্ধিতে উদ্বুদ্ধকরন দিকনির্দেশনা দেয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি সাম্প্রতিক জঙ্গী তৎপরতার বিষয়ে আলোকপাত করে পরিবারের প্রত্যেকটি সদস্যদের প্রতি সবর্দা সজাগ দৃষ্টি রেখে তাদের চলাচল ও বন্ধু-বান্ধবদের সাথে মেলামেশায় আরও সতর্ক থাকতে এবং জঙ্গি সংশ্লিষ্টতা এড়িয়ে চলতে নিজেদের করণীয় সম্পর্কে পারিবারিকভাবে আলোচনার মাধ্যমে সমাধানের নির্দেশনা প্রদান করেন।

ট। **জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৬ উদযাপন।** জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৬ এর অংশ হিসেবে গত ০৪ আগষ্ট ২০১৬ কমডোর কমান্ডিং খুলনা কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঘাঁটিস্থ কামরাঙ্গা লেকে মাছের পোনা অবমুক্ত করেন। উক্ত অনুষ্ঠানে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল অফিসার ও নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঠ। **রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধার লাশ দাফন।** গত ১০ আগষ্ট ২০১৬ তারিখে বীর মুক্তিযাদ্ধা লেঃ (অবঃ) গাজী মোহাম্মদ রহমতউল্লাহ (বীর প্রতীক)(অবঃ) বার্ধক্যজনিত কারনে নিজ বাসস্থান (শেখ পাড়া, খুলনা) মৃত্যুবরণ করেন। পরবর্তীতে গত ১১ আগষ্ট ২০১৬ উক্ত নৌ মুক্তিযোদ্ধার সম্মানে শেষ শ্রদ্ধা প্রদর্শনের জন্য অত্র ঘাঁটির ব্যবস্থাপনায় কমডোর কমান্ডিং খুলনাসহ ২৮ সদস্যের একটি দল খুলনাস্থ হাদিস পার্ক অনুষ্ঠিতব্য জানাযায় অংশগ্রহন করেন এবং ১৭ সদস্যের অপর একটি দল তাঁর নিজ জম্মস্থান পাইকগাছা, খুলনায় গার্ড অব অনার প্রদানসহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করে।

ড। **মাননীয় নৌ প্রধান এর খুলনা নৌ অঞ্চল সফর।** গত ১৩ আগষ্ট ২০১৬ তারিখ মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমদ, ওএসপি, এনডিসি, পিএসসি পায়রা বন্দরের উদ্বোধন উপলক্ষে সফরসঙ্গীসহ বাংলাদেশ বিমানবাহিনীর হেলিকপ্টারযাগ পটুয়াখালী আগমন করেন। অত্র দিবস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে সীমিত পরিসরে পায়রা বন্দরের অপারেশনাল কার্যক্রমের উদ্বোধন করন। উক্ত অনুষ্ঠানে মাননীয় নৌ প্রধান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মসূচী শেষে একই দিনে ১৫০০ ঘটিকায় মাননীয় নৌপ্রধান হেলিকপ্টার যোগ ঢাকার উদ্দেশ্যে পায়রা বন্দর ত্যাগ করেন। উক্ত সফরের বিভিন্ন কর্মকান্ড অত্র ঘাঁটির মনোনীত কর্মকর্তা ও নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢ। **জাতীয় শোক দিবস উদযাপন।** গত ১৫ আগষ্ট ২০১৫ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে জাতির জনকের রুহের মাগফেরাত কামনা করে ঘাঁটিস্থ কেন্দ্রীয় মসজিদে এবং নাবিক কলোনী মসজিদে বাদ ফজর বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয় এবং কালারস হতে সূর্যাস্ত পর্যন্ত পতাকা অর্ধনমিত রাখা। উক্ত দিন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নৌবাহিনী প্রধান ও কমডোর কমান্ডিং খুলনা প্রত্যুষে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির জনকের মাজারে পুস্পস্তবক অর্পন করেন। এছাড়াও জাতীয় শোক দিবস ১০০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে বঙ্গবন্ধুর জীবনী নির্ভর বিশেষ প্রামান্য চিত্র ‘‘অসমাপ্ত আত্নজীবনী, চিরঞ্জীব বঙ্গবন্ধু, সোনালী দিনগুলি এবং বাংলাদেশ মিলিটারী একাডেমীর ১ম সমাপনী অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাষণ’’ প্রদর্শিত হয়। উক্ত বিশেষ মোনাজাতে ও প্রদর্শনীতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল অফিসার, নাবিক ও বেসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।